বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
কর্মী-প্রশাসন শাখা
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

বিজ্ঞপ্তি নং-০৫.০১.০০০০.১২৫.১১.৮০১.২০.৬৯৩

তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে http://bpatc.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | গবেষণা অফিসার<br>(৯ম গ্রেড)<br>২২,০০০/- - ৫৩,০৬০/- | অনূর্ধ্ব ৩০ বছর | ০২ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট ক্ষেত্র সম্পর্কিত সামাজিক বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। |
| ২ | মূল্যায়ন অফিসার<br>(৯ম গ্রেড)<br>২২,০০০/- - ৫৩,০৬০/- | অনূর্ধ্ব ৩০ বছর | ০২ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট ক্ষেত্র সম্পর্কিত সামাজিক বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। |
| ৩ | কারিগরি তদারককারী<br>(১০ গ্রেড)<br>১৬০০০-৩৮৬৪০/- | অনূর্ধ্ব ৩০ বছর | ০৪ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা উহার সমমানের এবং তৎসহ পলিটেকনিক/ভকেশনাল ইনস্টিটিউট হইতে যন্ত্র প্রকৌশল/তড়িৎ প্রকৌশলে ডিপ্লোমা অথবা<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং তৎসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত পলিটেকনিক/ভকেশনাল ইনস্টিটিউট হইতে যন্ত্র প্রকৌশল/তড়িৎ প্রকৌশলে ডিপ্লোমা। |
| ৪ | সহকারী প্রকাশনা অফিসার<br>(১০ গ্রেড)<br>১৬০০০-৩৮৬৪০/- | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে মাস্টার্স ডিগ্রী<br>অথবা মুদ্রণ ও প্রকাশনায় ৫ বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

১। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| সিজিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| সিজিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ |

২। বয়সসীমাঃ

ক) ক্রমিক ১-৩ এ বর্ণিত পদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে (২৫ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে)।

খ) ক্রমিক ৪ এ বর্ণিত পদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩২ বছর হতে হবে (২৫ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে)।

গ) বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।

৩। **১-২ পদের ক্ষেত্রে প্রার্থীর ইংরেজি ভাষায় লিখিত ও বাচনিক, ডিজিটাল লিটারেসি, গবেষণা পদ্ধতি, Communicaion skill ইত্যাদি বিষয়ে পারদর্শীতা থাকতে হবে এবং এ সকল বিষয়ে প্রার্থীকে লিখিত, মৌখিক এবং ব্যবহারিক (শ্রেণী/অধিবেশন) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। দেশী-বিদেশী জার্নালে পাবলিকেশন আছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।**

৪। নিয়োগকৃত কর্মকর্তার চাকুরী বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯২ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে যে সকল বিষয় বিধিমালায় উল্লেখ নেই সেক্ষেত্রে চাকুরী সংক্রান্ত সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য আইন/বিধি প্রযোজ্য হবে।

৫। প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদপত্র/কাগজপত্র/প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/ প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁকে চাকুরী থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৭। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র প্রদান করতে হবে।

৮। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৯। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত সনদ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ, বাংলাদেশ গেজেট এবং লাল মুক্তিবার্তার সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১২। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমে জানানো হবে এবং কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৪। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। একজন প্রার্থী উপর্যুক্ত পদের যেকোন একটি পদে আবেদন করতে পারবেন।

১৬। অনলাইনে আবেদনের নিয়মাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bpatc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯ ডিসেম্বর ২০২১, সকাল- ১০:০০ টা।
Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৩ ডিসেম্বর ২০২১, বিকাল- ০৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel)ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত নিয়োগ পরীক্ষার ফিস বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬০.০০ টাকা, মোট ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''।

প্রথম SMS: **BPATC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BPATC ABCDEF**

Reply: Applicant's Name, Tk-56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BPATC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **BPATC**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BPATC YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BPATC Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bpatc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়াএবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **BPATC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: **BPATC Help User ABCDEF** & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: **BPATC**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: BPATC Help PIN 12345678 & send to 16222.

১৭। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর নিজস্ব ওয়েবসাইটে www.bpatc.org. অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১৮। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে, **alljobs.query@teletalk.com.bd** অথবা vas.query@teletalk.com.bd msjalil298@gmail.com এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: **BPATC**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

6/12/2022

(মোহাম্মদ রাজিবুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বিপিএটিসি, সাভার, ঢাকা
টেলিফোনঃ ০২-৭৭৪৫০২৩